গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

বিষয়ঃ "গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (গোপালগঞ্জ জোন)" শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিত প্রকল্পের স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মোঃ নজরুল ইসলাম সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ	:	০৮ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ
সময়	:	বিকাল ০৩:০০ ঘটিকা
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট-ক

২. উপস্থাপনাঃ

২.১ সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে যুগ্মপ্রধান বলেন যে, গোপালগঞ্জ জোনের ৫১.৬৯ কিলোমিটার আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণের নিমিত্ত প্রকল্পটি ৩৯৫.৪৯ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে মার্চ ২০১৭ হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নাধীন। প্রকল্পের আর্থিক ক্রমপুঞ্জিত অগ্রগতি ১০.৭৭%। চলতি অর্থবছরে প্রকল্পের অনুকূলে ১৫০.০০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। এর মধ্যে ৩৭.৫০ কোটি টাকা ছাড় করা হয়েছে। ছাড়কৃত অর্থের মধ্যে ৭.৬০ কোটি টাকা ব্যয় হয়েছে। প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতি, বাস্তবায়নের সমস্যা এবং এ সমাধানের উপায় নিয়ে অদ্যকার সভা আহবান করা হয়েছে।

৩. আলোচনাঃ

৩.১ ভূমি অধিগ্রহনে ডিপিপি'তে বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থের প্রয়োজন হবে বলে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন। এ প্রসঙ্গে কেন অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হবে জানতে চাইলে তিনি বলেন যে, ভূমির মূল্য বৃদ্ধির কারণে ১০.২৪ কোটি টাকা অতিরিক্ত প্রয়োজন হবে।

৩.২ প্রকল্পের আওতায় ২টি সড়কে ৫১.৬৯ কিলোমিটার আঞ্চলিক মহাসড়কের মান ও প্রশস্ততা উন্নীতকরণ করা হবে। এ মহাসড়কের মধ্যে পূর্বে নির্মিত ৩০ ফুট প্রশস্থ ২৮টি কালভার্ট রয়েছে। কিন্তু বর্তমানে রাস্তার প্রশস্থতা বৃদ্ধির কারণে রাস্তাটি ৪০ ফুটে উন্নীত হবে। তাই মহাসড়কের সাথে সামঞ্জস্য রেখে বিদ্যমান ২৮টি কালভার্ট প্রশস্থকরণ প্রয়োজন বলে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন। ডিপিপি প্রণয়নকালে কেন এ ২৮টি কালভার্ট অন্তর্ভুক্ত করা হয়নি তা সভাপতি মহোদয় জানতে চান। এ প্রসঙ্গে প্রকল্প পরিচালক উল্লেখ করেন যে, বিদ্যমান ২৮টি কালভার্ট কিছুদিন পূর্বেই নির্মিত হয়েছে এবং যানবাহন চলাচলের উপযোগী। এজন্য ব্যয় সাশ্রয়ের জন্য ডিপিপি'তে ২৮টি কালভার্ট ধরা হয়নি। এ বিষয়ে যথাযথ ব্যাখ্যা থাকা প্রয়োজন বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়। এ পর্যায়ে কালভার্টগুলো নতুন নির্মাণ না করে শুধুমাত্র ১০ ফুট প্রশস্তকরণ করলেই একদিকে অর্থের সাশ্রয় হবে অন্যদিকে যানবাহন চলাচলেও সুবিধা হবে। যানবাহনের চলাচলের কথা বিবেচনা করে প্রস্তাবিত নতুন ২৮টি কালভার্ট প্রশস্থকরণের বিষয়ে চলমান প্রকল্পে অন্তর্ভুক্ত না করে পিএমপি'র আওতায় আলাদাভাবে নির্মাণের জন্য সভায় বিস্তারিত আলোচনাক্রমে প্রাক্কলনসহ প্রস্তাব দেয়ার বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন।

৩.৩ প্রকল্প পরিচালক সভায় উল্লেখ করেন যে, এ প্রকল্পের আওতায় নতুন ০৩টি কালভার্ট নির্মাণের প্রয়োজন হবে। উল্লেখিত কালভার্ট ৩টির প্রয়োজনীয়তা আছে কি-না তা মন্ত্রণালয় কর্তৃক সরেজমিন পরিদর্শনপূর্বক সিদ্ধান্ত নেয়ার বিষয়ে আলোচনা হয়। তাছাড়া ভবিষ্যতে প্রকল্প গ্রহণ প্রাক্কালে এ জাতীয় নতুন কালভার্ট এবং বিদ্যমান কালভার্টসমূহ প্রশস্থকরণ প্রয়োজন হলে ডিপিপি প্রণয়নকালে তা বিবেচনার জন্য সংস্থাকে নির্দেশনা প্রদান করা হয়।

৩.৪ রাজবাড়ি-পাংশা মহাসড়কের ৬ষ্ঠ কিলোমিটারে আলাদীপুর নামক স্থানে ১টি বাজার ও ২টি স্কুল রয়েছে। স্থানে প্রায়ই দুর্ঘটনায় মানুষ মারা যায়। সাধারণ মানুষ ও ছাত্র-ছাত্রীদের সড়ক পারাপারে সুবিধার জন্য একটি ফুট ওভার ব্রীজ নির্মাণের বিষয়টি প্রকল্প পরিচালক সভায় উপস্থাপন করেন। বিষয়টি গুরুত্বসহকারে বিবেচনার জন্য প্রকল্প পরিচালককে নির্দেশনা দেয়া হয় এবং প্রস্তাবিত কাজের জন্য নতুন অঙ্গ হিসেবে এ প্রকল্পে অন্তর্ভুক্ত না করে পিএমপি'র (সড়ক-সেতু) আওতায় এ অর্থবছরে বরাদ্দকৃত অর্থ হতে সংশ্লিষ্ট জোন থেকে এ বিষয়ে একটি প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য পরামর্শ দেয়া হয়।

৩.৫ রাজবাড়ি পৌরসভার চাহিদা এবং আইএমইডি'র সুপারিশ অনুযায়ী ১.৫ মিটার প্রশস্থতায় ফুটপাত কাম কংক্রিট ইউড্রেন নির্মাণের জন্য প্রকল্প পরিচালক সভায় প্রস্তাব করেন এবং এ খাতে অতিরিক্ত ২৪০২.৮৯ লক্ষ টাকার প্রয়োজন হবে বলেও তিনি জানান। জনগণের চাহিদার পরিপ্রেক্ষিতে এবং প্রয়োজনীয়তার নীরিখে এ বিষয়টি বিবেচনা করার জন্য সভায় একমত পোষণ করে জরুরি ও দ্রুত বাস্তবায়নের জন্য নির্দেশনা দেয়া হয়।

৩.৬ প্রকল্পের আওতায় রাজবাড়ি (বাগমারা)-জৌকুরা ফেরীঘাট সংযোগ সড়কের প্রায় ৬ কিলোমিটার মহাসড়ক মজবুতিকরণ ও প্রশস্থকরণের আবশ্যকতা সম্পর্কে প্রকল্প পরিচালক সভায় ব্যাখ্যা উপস্থাপন করেন, যা আইএমইডি কর্তৃকও সুপারিশ করা হয়। বিষয়টি সরেজমিন পুনঃপরীক্ষান্তে সংশোধিত ডিপিপি'তে সন্নিবেশ করার জন্য সংস্থাকে নির্দেশনা প্রদান করা হয়।

৪. সিদ্ধান্ত:

৪.১ যানবাহন চলাচলের গুরুত্ব বিবেচনায় প্রস্তাবিত বিদ্যমান ২৮টি কালভার্ট প্রশস্থকরণের বিষয়ে চলমান প্রকল্পে অন্তর্ভুক্ত না করে পিএমপি'র আওতায় আলাদাভাবে নির্মাণ করতে হবে এবং এ বিষয়ে যথাযথ ব্যাখ্যাসহ প্রাক্কলনপূর্বক একটি প্রস্তাব মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।

৪.২ নতুন প্রস্তাবিত কালভার্ট ৩টির প্রয়োজনীয়তা আছে কি-না তা মন্ত্রণালয় কর্তৃক সরেজমিন পরিদর্শনপূর্বক সিদ্ধান্ত নিতে হবে এবং ভবিষ্যতে প্রকল্প গ্রহণ প্রাক্কালে এ জাতীয় নতুন কালভার্ট এবং বিদ্যমান কালভার্টসমূহ প্রশস্থকরণ/সংস্কারের প্রয়োজন হলে ডিপিপি প্রণয়নকালে তা বিবেচনার আনতে হবে।

৪.৩ দুর্ঘটনা কবলিত স্থান আলাদীপুরে প্রস্তাবিত ফুটওভার ব্রীজ এ প্রকল্পের অন্তর্ভুক্ত না করে জনসাধারন ও ছাত্র-ছাত্রীদের মহাসড়ক পারাপারে সুবিধার/সড়ক নিরাপত্তার জন্য পিএমপি'র (সড়ক-সেতু) আওতায় এ অর্থবছরে বরাদ্দকৃত অর্থ হতে নির্মাণের প্রস্তাব প্রেরণ করতে হবে।

৪.৪ রাজবাড়ি পৌরসভার চাহিদা এবং আইএমইডি'র সুপারিশ অনুযায়ী ১.৫ মিটার প্রশস্থতায় ফুটপাত কাম কংক্রিট ইউড্রেন নির্মাণ কাজের প্রাক্কলিত ব্যয় যথাযথভাবে নির্ধারণ করতে হবে এবং দ্রুত বাস্তবায়নের নিমিত্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪.৫ প্রকল্পের আওতায় রাজবাড়ি (বাগমারা)-জৌকুরা ফেরীঘাট সংযোগ সড়কের প্রায় ৬ কিলোমিটার মহাসড়ক মজবুতিকরণ ও প্রশস্থকরণ বিষয়টি সরেজমিন পুনঃপরীক্ষান্তে সংশোধিত তথ্য ডিপিপি'তে সন্নিবেশ করতে হবে।

৪.৬ প্রকল্পটি সংশোধনের প্রয়োজন হলে যথাযথভাবে পর্যালোচনাপূর্বক এমনভাবে ব্যয় প্রাক্কলন করতে হবে, যাতে ভবিষ্যতে আর ডিপিপি সংশোধনের প্রয়োজন না হয়।

৪.৭ প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে, যাতে নির্ধারিত সময়ে প্রকল্প কাজ শেষ করা যায়; এবং

৪.৮ চলতি অর্থবছরের এডিপি'তে বরাদ্দকৃত অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।

৫। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নজরুল ইসলাম)
সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ